# ২০২৫

## দ্বিতীয় সেমেস্টার

## বাংলা - এম.ডি.সি.

### পত্র : CC-2

### (বর্ণনামূলক ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা - ১)

### পূর্ণমান - ৭৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) উচ্চারণস্থান ও উচ্চারণ প্রকৃতি অনুযায়ী বাংলা মৌলিক স্বরধ্বনিগুলির পরিচয় দাও। ৭½+৭½

*অথবা*

(খ) একটি রেখাচিত্রের সাহায্যে বাংলা শব্দভাণ্ডারের একটি সামগ্রিক পরিচয় দাও। ১৫

২। (ক) বাংলা শব্দার্থ পরিবর্তনের যে-কোনো তিনটি ধারা সম্পর্কে আলোচনা করো। ১৫

*অথবা*

(খ) উপভাষা বলতে কী বোঝো? বাংলা ভাষার কয়টি উপভাষা রয়েছে? রাঢ়ী উপভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখো। ৪+১+১০

৩। (ক) কারক কাকে বলে? কারক কত প্রকার ও কী কী? যে-কোনো দুই প্রকার কারকের দৃষ্টান্তসহ পরিচয় দাও। ২+৩+১০

*অথবা*

(খ) সমাস বলতে কী বোঝো? দৃষ্টান্ত দাও। কর্মধারয় সমাস কাকে বলে? বিভিন্ন প্রকার কর্মধারয় সমাসের দৃষ্টান্তসহ পরিচয় দাও। ২+১+২+১০

৪। (ক) ধ্বনি, বর্ণ ও অক্ষরের পারস্পরিক সম্পর্ক বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করো। ৫

*অথবা*

(খ) সংক্ষিপ্ত আলোচনা করো— অল্পপ্রাণ ও মহাপ্রাণ ধ্বনি। ২½+২½

৫। (ক) টীকা লেখো : অভিশ্রুতি। ৫

*অথবা*

(খ) টীকা লেখো : স্বরভক্তি। ৫

৬। (ক) সংক্ষিপ্ত আলোচনা করো : ব্যাসবাক্য, সমস্তপদ। ৫

*অথবা*

(খ) উদাহরণসহ পুরাঘটিত অতীত কালের পরিচয় দাও। ৫

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও — ১×১৫

(ক) অক্ষর কাকে বলে? উদাহরণ দাও।

(খ) তাড়িত ব্যঞ্জনধ্বনির দৃষ্টান্ত দাও।

(গ) প্লুতস্বর কী?

(ঘ) চা, চিনি, লুচি কোন্ ভাষার শব্দ?

(ঙ) দৃষ্টান্ত দাও— শব্দার্থের সংশ্লেষ।

(চ) ঘোষীভবনের একটি দৃষ্টান্ত দাও।

(ছ) পরাগত সমীভবনের একটি দৃষ্টান্ত দাও।

(জ) একটি স্বরসংগতির শব্দের উদাহরণ দাও।

(ঝ) কামরূপী উপভাষা প্রচলিত আছে, এমন দুটি স্থানের নাম লেখো।

(ঞ) নাসিক্যীভবনের দুটি দৃষ্টান্ত দাও।

(ট) একটি বাক্যে সংযোজক অব্যয়ের প্রয়োগ দেখাও।

(ঠ) একটি বাক্যে ঘটমান ভবিষ্যৎ কালের একটি দৃষ্টান্ত দাও।

(ড) কর্তৃকারকে শূন্য বিভক্তির একটি দৃষ্টান্ত দাও।

(ঢ) একটি জোড়কলম শব্দের উদাহরণ দাও।

(ণ) সমার্থক দ্বন্দ্ব সমাসের একটি দৃষ্টান্ত দাও।

---